29

দৈনিক সংবাদ

তারিখ 05 MAY 1993
পৃষ্ঠা 4 কলাম 2

# বহিষ্কৃত ছাত্র নয়া নামে পরীক্ষায় পাস করেছে

## রাজশাহী বোর্ডের খবর

সাঁথিয়া (পাবনা), ৪ঠা মে (নিজস্ব সংবাদদাতা)।– একজন ছাত্র এসএসসি পরীক্ষায় দুর্নীতির দায়ে ৪ বছরের জন্য বহিষ্কার হয়েও পরবর্তী বছরেই সে নাম পরিবর্তন করে নতুন রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষা দিয়ে পাস করে। এসব সম্ভব হয়েছে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এক শ্রেণীর দুর্নীতিবাজ কর্মচারীর কারণে।"

মাহবুবুল হক ওরফে স্বাই ১৯৮৫ সালে সাঁথিয়া পাইলট উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় অংশ নেয় (রোল–সাঁথিয়া নং–২৭, রেজিঃ নং–৫৬০২, সন, ৮৩–৮৪)। পরীক্ষায় ব্যাপক দুর্নীতির কারণে তাকে ৪ বছরের জন্য বহিষ্কার করা হয়। এরপর উক্ত পরীক্ষার্থী তার পিতা মোজাম্মেল হকের (তৎকালীন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সাঁথিয়া পাইলট উচ্চ বিদ্যালয়) সহযোগিতায় একটি ভুয়া ট্রান্সফার সার্টিফিকেট সংগ্রহ করে কুড়িগ্রাম জেলার চিলমারী থানাধীন থানারহাট উচ্চ বিদ্যালয় থেকে নাম পরিবর্তন করে জালিয়াতির মাধ্যমে (বোর্ডের কর্মকর্তাদের সহায়তায়) নাম রেজিস্ট্রেশন করে (রেজিঃ নং–৮৪৪৫ সন, ৮৪–৮৫)। নিয়ম অনুযায়ী ১৯৮৫ সালের পরীক্ষায় বহিষ্কার হওয়ার পর '৮৪–৮৫ শিক্ষাবর্ষে নাম রেজিঃ করা সম্ভব নয়। কিন্তু উক্ত পরীক্ষার্থী থানারহাট উচ্চ বিদ্যালয় কর্তৃপক্ষের সহায়তায় জালিয়াতির আশ্রয় নিয়ে নাম পরিবর্তন করে রেজিস্ট্রেশন লাভ করে এবং নতুন নাম ধারণ করে মোঃ মোশাররফ হোসেন। উক্ত নামে ১৯৮৬ সালে চিলমারী থানার থানারহাট কেন্দ্রে (রোল নং থানারহাট ৩৬) পরীক্ষায় অংশ নেয়। এখান থেকে দ্বিতীয় বিভাগে পাস করে সাঁথিয়া থানার কাশিনাথপুর মহাবিদ্যালয়ে ভর্তি হয় এবং ১৯৮৮ সালে এইচ,এস,সি (রোল নং কাশিনাথপুর–৭১৭) পাস করে।

বহিষ্কৃত পরীক্ষার্থী কর্তৃক নাম পরিবর্তন করে নতুনভাবে পরীক্ষায় অংশগ্রহণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য পাবনার জেলা প্রশাসক আগস্ট '৯২তে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে একটি ডিও চিঠি প্রদান করেন।